

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি
নওগাঁ শাখা, নওগাঁ।

অর্থঘণ্টন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখা, এর খণ্ডগ্রহীতা মেসার্স মিরজান রাইস মিল, প্রোপাইটরঃ জনাব মোঃ মকবুল হোসেন (মুকুল), পিতা- মৃত হাসান আলী, মাতা-মৃত মিরজান বিবি, ঠিকানাঃ সাঃ- দক্ষিণ পার নওগাঁ, থানা- নওগাঁ সদর, জেলা- নওগাঁ, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ২১.১.২০২৩ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা সিসি হাইপো খণ্ডের মোট অনারোপিত সুদ ব্যতীত ৯,৮৮,৭৩,২৮৪.৮৪ টাকা (নয় কোটি আটাশি লক্ষ তিয়াত্তর হাজার দুইশত চুরাশি টাকা চুরাশি পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

তফসিল-০১

(জেলা- নওগাঁ, থানা-নওগাঁ সদর, মৌজা-পিরোজপুর, জে.এল. নং-২৩১)

আর এস. খতিয়ান নং-৪১২, ৪১৩, ১১, ৩৫১, ৮০, ১৫২, ১৫৩, ১৫৪, ১৩, ২০১, ১৪, ২০, ৩৮৮, ৩২৫ প্রস্তাবিত খতিয়ান নং- ৫৬৮, ৫৬৮, ৫৬৮, ৫৬৮ ৫৬৯, ৫৬৯, ৫৬৯, ৫৭৬, ৫৭৬, ৭৮৫, ৭৮৫, ৭৪০, ৭৪০, ৯৪৯, এস.এ. দাগ নং-৫৭৭, ৫৭৮, ৫৭২, ৫৭১, ৫৭৬, ৫৭৬, ১৪৪৯, ৫৮২, ৮৭, ৫৮১, ৫৮১/১৪৪৮, ১৬৫/১৪৬৪, ৬৪৩/১৪৬৭, ৫৭৩, ১৪৬৬, ৫৭১ আর.এস. দাগ নং-১৪৯, ১৫৫, ১৫৮, ১৫৬, ১৫২, ১৫৩, ১১৬, ১২০, ১৪২, ১১৯, ১১৮, ১৯৭, ৯৪৬, ১৫৭, ১৫৯, ১৬০, জমির পরিমাণ-২১৩.৩০ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনা।

তফসিল-০২

(জেলা- নওগাঁ, থানা-নওগাঁ সদর, মৌজা-পার নওগাঁ, জে.এল. নং-১৮৩)

আর এস. খতিয়ান নং-৬৮৫, প্রস্তাবিত খতিয়ান নং- ৫০৭৯, এস.এ. দাগ নং-৮২২, ৮২২ আর.এস. দাগ নং-১৪৭০, ২৪৭২, জমির পরিমাণ-৫.১১ শতাংশ আবাসিক জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২১/১২/২০২৩ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখায় রাখিত বাত্রে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবাঁই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ব হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াশ্ব হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি দ্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখা, নওগাঁ।